মুজিবনগরে গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

মুজিবনগর কৃষি অফিসের আয়োজনে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

রবিবার ২৯ জুন সকাল ১০টার দিকে মুজিবনগর উপজেলা কৃষি অফিসের আয়োজনে ও উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মমিনের সভাপতিত্বে এ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল। তিনি উপজেলার বিভিন্ন সরকারি, বেসরকারি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে চারা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন।

পরে উপজেলা কৃষি অফিসের উদ্যোগে মুজিবনগর স্বাধীনতা সড়কের দুই পাশে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। সেখানে মোট ১২০টি তাল গাছের চারা রোপণ করা হয় (প্রতিটি পাশে ৬০টি করে)।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি এবং সহমর ফারুক প্রিন্স।

উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল বলেন, “সময় স্বল্পতার মাঝেও এ বছর আমাদের প্রচুর পরিমাণে গাছ লাগানোর একটি ইচ্ছা ছিল, যার সূচনা হলো কৃষি অফিসের এই বৃক্ষরোপণ কর্মসূচির মাধ্যমে।”

উল্লেখ্য, বিভিন্ন সরকারি-বেসরকারি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে বৃক্ষরোপণের জন্য চারা বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে গণিতের প্রশ্ন

ফাঁসের অভিযোগে তোলপাড়

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে অর্ধবার্ষিকী পরীক্ষায় ৯ম শ্রেণীর গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছে। এ ঘটনায় সামাজিক যোগাযোগ মাধ্যমে তোলপাড় সৃষ্টি হয়েছে।

রবিবার মেহেরপুর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ফেসবুক গ্রুপে এ অভিযোগ তোলা হয়। অভিযোগে সাজেশন্স ও প্রশ্নপত্রের ছবি দেওয়া হয়। সেখানে উভয় প্রশ্নের মিল পাওয়া গেছে।

এ নিয়ে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ওই পোস্টে লেখা হয়েছে, তাদের পোস্টটি হুবুহু তুলে ধরা হলো। পোস্টে লেখা হয়েছে-‘প্রশ্ন ফাঁস !!

এভাবেই চলছে মেহেরপুরের সর্বোচ্চ বিদ্যাপীঠ মেহেরপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের পড়াশোনার মান উন্নয়নের কাজ। গতকাল সন্ধ্যায় সাজেশনের নামে নবম শ্রেণির গনিত প্রশ্ন তুলে দেওয়া হয় ছাত্রীদের হাতে। এরকম খবর আসলে জেলা প্রশাসন কে সাজেশন গুলোর ছবি পাঠানো হয় যাচাই করার জন্য এক্ষেত্রে স্কুলের প্রধান শিক্ষক জানাই সাজেশন এর সাথে প্রশ্নের কোন মিল নাই কিন্তু আজ পরীক্ষা শেষে আমরা দেখতে পাই সংক্ষিপ্ত প্রশ্নগুলো সব মিলতেছে এবং যে তিনটা সৃজনশীল দেয়া হয়েছে তার মধ্যে দুইটা হুবহু এসেছে।

জেলার সাংবাদিক এবং সুশীল সমাজের দৃষ্টি আকর্ষণ করছি। এভাবে চলতে থাকলে আমাদের ভাই-বোনরা নাম মাত্র শিক্ষিত হবে।’

এ বিষয়ে মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিব বলেন, এ ঘটনায় তদন্ত করা হচ্ছে । নবম শ্রেণীতে চারজন শিক্ষক গণিত ক্লাস নেন। জড়িত শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুর পৌরসভার ৪০ কোটি ৩৫ লক্ষ টাকার বাজেট পেশ

মেহেরপুর পৌরসভার ২০২৫-২৬ অর্থ বছরের জন্য ৪০ কোটি ৩৪ লক্ষ ৯৮ হাজার টাকার প্রস্তাবিত বাজেট পেশ করা হয়েছে।

রবিবার সকালে পৌরসভা মিলনায়তনে পৌরসভার প্রশাসক মো: তরিকুল ইসলামের সভাপতিত্বে নির্বাহী কর্মকর্তা জি এম ওবায়দুল্লাহ এ বাজেট পেশ করেন।

বাজেট পেশ অনুষ্ঠানে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সামসুল আলম, জেলা শিক্ষা অফিসার মো: হযরত আলী, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, অবসরপ্রাপ্ত শিক্ষক নুরুল আহমেদ, সহকারী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামালসিহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

প্রস্তাবিত বাজেটে রাজস্ব আয় ধরা হয়েছে ১১ কোটি ৫৮ লক্ষ ৯৮ হাজার টাকা, ব্যয় ধরা হয়েছে ১১ কোটি ৩৩ লক্ষ ৪৯ হাজার ২৪০ টাকা, উদ্বৃত্ত রাজস্ব ২৫ লক্ষ ৪৮ হাজার ৭৬০ টাকা। উন্নয়ন খাতে আয় ধরা হয়েছে ২৮ কোটি ৪৯ লক্ষ টাকা এবং এ খাতে ব্যয় ধরায় হয়েছে২৮ কোটি ২২ লক্ষ টাকা। এ খাতে উদ্বৃত্ত ধরা হয়েছে ২৭ লক্ষ টাকা।

আমঝুপি ইউনিয়নে এডিপি’র অর্থায়নে শিক্ষা ও কৃষি উপকরণ বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের উদ্যোগে এবং এডিপি’র অর্থায়নে ২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও কৃষকদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার সকালে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম। তিনি উপস্থিত থেকে ৩টি আলমিরা, ৪টি ফাইল কেবিনেট, ৪টি চেয়ার, ৪টি ক্রিকেট সেট, ৩০টি ফুটবল, ১১টি ভলিবল, প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ফার্স্ট এইড বক্স ও স্যানিটারি ন্যাপকিন বিতরণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, ইউপি সদস্য তৌফিক এলাহী এবং আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রী তাসনোভা।

এ সময় আরও উপস্থিত ছিলেন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, ইউপি সদস্য হাফিজুর রহমান, আরিফ হোসেন, আব্দুল মজিদ, মকবুল হোসেন, আসাদুল হক পিন্টু, আব্দুল্লাহ, সালমা খাতুন, মেরিনা খাতুন এবং ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা মৌসুমী খাতুন ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর আসিফ ইকবাল।

আয়োজকরা জানান, এই উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম সহজতর হবে এবং খেলাধুলার মাধ্যমে তাদের শারীরিক ও মানসিক বিকাশ ঘটবে। একই সঙ্গে কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণের মাধ্যমে কৃষি কাজে আরও গতিশীলতা আসবে বলে আশা করা হচ্ছে।

মেহেরপুরে বাস্কেট বল খেলার গ্রাউন্ড উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের উদ্যোগে বিদ্যালয় প্রাঙ্গণে বাস্কেটবল কোর্ট নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার সকালে এ নির্মাণ কাজের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম। উদ্বোধন উপলক্ষে

বিদ্যালয় প্রাঙ্গণে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং সেখানে মোনাজাত অনুষ্ঠিত হয়।

এ সময় উপজেলার নির্বাহী অফিসার মো: খায়রুল ইসলাম বলেন, মেহেরপুর সদর উপজেলায় কোনো বাস্কেটবল খেলার গ্রাউন্ড না থাকায় আমি যোগদানের পরেই অনুধাবন করি যে, মেহেরপুরে একটা বাস্কেট বল খেলার গ্রাউন্ড দরকার। আমি দেখলাম আমঝুপি যেহেতু খেলাধুলা, শিক্ষা সংস্কৃতি সবদিকেই এগিয়ে আছে, তাই ঐতিহ্যবাহী আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে এই গ্রাউন্ড করলে সকল শ্রেণির মানুষ সুবিধা পাবে। একদিকে যেমন মেহেরপুর থেকে খুব নিকটে অবস্থিত, অন্যদিকে আমঝুপি মিনি স্টেডিয়াম এখানেই অবস্থানের কারণে এর সুফল পাওয়া যাবে। এতদিন মেহেরপুরে কোন বাস্কেট বল খেলার গ্রাউন্ড না থাকায় ছাত্রছাত্রীদের ইচ্ছা থাকা স্বত্বেও এই খেলায় আগ্রহ হারিয়ে ফেলত।

ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও জনপ্রতিনিধিগণ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, ইউপি সদস্য তৌফিক এলাহী, আরিফ হোসেন ও আব্দুল্লাহ।

বিদ্যালয় কর্তৃপক্ষ জানান, এই বাস্কেটবল কোর্ট নির্মাণের মাধ্যমে শিক্ষার্থীরা খেলাধুলায় আরও বেশি অংশগ্রহণ করতে পারবে, যা তাদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সাড়ে ৫ লক্ষ টাকা ব্যায়ে মেহেরপুর সদর উপজেলা পরিষদের অর্থায়নে এই ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন।

আমঝুপি ইউনিয়নের নবগঠিত ওয়ার্ড কমিটির মতবিনিময় ও আলোচনা সভা

আমঝুপি ইউনিয়ন নবগঠিত ওয়ার্ড কমিটির সুপারফাইভ বিএনপি সকল সদস্যদের সঙ্গে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০ টার সময় আমঝুপি ইউনিয়ন বিএনপি’র নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আমঝুপি নবগঠিত ইউনিয়ন সভাপতি সাবেক প্রভাসক জাহির হোসেন চঞ্চল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটন, মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব বাঁকা বিল্লাহ, জেলার সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজানুর রহমান মেনন সহ আমঝুপি ইউনিয়নের সভাপতি সেক্রেটারি সহ সুপারফাইভ সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

বিএনপি’র নেতাকর্মীরা বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনা করেন এবং আগামী দিনের রাষ্ট্রনায়ক ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে দেশ পুনর্গঠন হবে বলে আশা ব্যক্ত করেন বক্তারা ।

সভাপতি মোহা. হাফিজুর রহমান, মোঃ আবু তালেব সহ-সভাপতি

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।

নির্বাচনে সভাপতি পদে মোহা. হাফিজুর রহমান চেয়ার প্রতীক নিয়ে ১৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী মো. আব্দুল মজিদ আনারস প্রতীক নিয়ে পেয়েছেন ৬ ভোট।

শনিবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের কার্যালয়ে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এবারের নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ৩৩ জন।

অন্যদিকে, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৩২(১) বিধি অনুযায়ী, তিনজন প্রার্থী না থাকায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় সহ-সভাপতি পদে মো. আবু তালেব নির্বাচিত হয়েছেন।

এছাড়া, সদস্য পদে মো. শহীদুল্লাহ (নির্বাচনী এলাকা–ক) এবং এস. এম. ফয়েজ (নির্বাচনী এলাকা–খ) নির্বাচিত হয়েছেন।

নির্বাচন পরিচালনার দায়িত্বে ছিলেন নির্বাচন কমিটি ২০২৫-এর সভাপতি মো. মাহবুবুল হক এবং সদস্য মো. জামিয়ে আলম ও মো. সাইফুর রহমান। পুরো নির্বাচনের তদারকি করেছেন কমিটির সাবেক সভাপতি নুরুল ইসলাম।

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হচ্ছে।

শনিবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের কার্যালয়ে ভোটগ্রহণ চলবে। এবারের নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ৩৩ জন।

সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোহা. হাফিজুর রহমান ও মো. আব্দুল মজিদ।

অন্যদিকে, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৩২(১) বিধি অনুযায়ী তিনজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। তারা হলেন মো. আবু তালেব, মো. শহীদুল্লাহ এবং এস. এম. ফয়েজ।

নির্বাচন পরিচালনার দায়িত্বে ছিলেন নির্বাচন কমিটি ২০২৫ এর সভাপতি মো. মাহবুবুল হক এবং সদস্য মো. জামিয়ে আলম ও মো. সাইফুর রহমান।

নির্বাচনের ফলাফল প্রকাশের পর তাৎক্ষণিকভাবে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

[redacted]

[redacted]

প্রতিযোগিতার সময় দর্শকদের উৎসাহ, ঢাকঢোল ও জাতীয় পতাকা ওড়ানো ছিল চোখে পড়ার মতো। পুরো অনুষ্ঠানটি জুড়ে ছিল উৎসবমুখর পরিবেশ।

এই প্রতিযোগিতার প্রধান পৃষ্ঠপোষক জুবনা গ্রুপ, যারা আগামী দশ বছর নিয়মিত মুএথাই চ্যাম্পিয়নশিপ আয়োজনের লক্ষ্য ঘোষণা করেছে। পুরো আসরজুড়ে জুবনা গ্রুপের সিইও ইয়াসিন ইসলাম নাজেল স্বেচ্ছাসেবকদের সাথে হাতে হাত রেখে কাজ করেন।

চ্যাম্পিয়নশিপে বাংলাদেশসহ চারটি দেশের মোট ৪০ জন ফাইটার অংশগ্রহণ করেন। এই আয়োজন মুএথাইকে বাংলাদেশে জনপ্রিয় করে তোলার এক নতুন দিগন্ত উন্মোচন করেছে।

সংগঠক ও অংশগ্রহণকারীরা বলেন, এটা শুধু একটি খেলা নয়, আত্মরক্ষার একটি শক্তিশালী মাধ্যম। এতো বড় পরিসরের আয়োজন এদেশে এই প্রথম।

গাংনীতে পৈত্রিক সম্পত্তি নিয়ে সংঘর্ষে নারীসহ আহত-৫

মেহেরপুরের গাংনীতে পৈত্রিক জমি নিয়ে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ ৫ জন আহত হয়েছেন।

গতকাল শুক্রবার সন্ধ্যায় গাংনী উপজেলার কাজিপুর গ্রামে এই সংঘর্ষের ঘটনা ঘটে। আহতরা হলেন, ইউনুস আলী (৭০) ও তার স্ত্রী জয়নব আরা (৬০), ছেলে হাসানুজ্জামান (৩১)। অপরপক্ষের আহতরা হলেন, মহসিন আলী (৮০), তার স্ত্রী হানুফা (৬৫), ছেলে রিপন হোসেন (৩০)।

আহত ইউনুস আলী জানান, আমার জমি জোর করে তারা দখলের চেষ্টা চালাচ্ছিল আমার বড় ভাই মহসিন আলী। তাকে নিষেধ করাই সে আমার উপর হামলা চালায়। এতে আমার স্ত্রী ও ছেলেসহ আমি মারাত্বক আহত হয়েছি।

এদিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে এসে আরেক দফা হামলা করে মহসিন আলীর লোকজন। এদিকে ইউনুস আলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড

করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার চিকিৎসক এম কে রেজা।

এঘটনায় উভয় পক্ষই মামলা করার প্রস্তুতি নিচ্ছেন।